



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

তারিখ : ১৭.০৩.২০২৫ইং

বিষয় : সকল উন্নয়ন এলাকা/শাখা অফিসের কর্মী-ব্যবস্থাপক ও বাইরের যে কোন মানুষের মাঝে প্রশিকার উৎপাদিত পণ্য (প্রোডাক্ট) বিক্রি করা প্রসঙ্গে।

আপনারা সকলেই অবগত আছেন যে, প্রশিকা বর্তমানে কয়েকটি পণ্যের (প্রোডাক্ট) গুণগত মান শতভাগ নিশ্চিত করে (মধু, সরিষার তেল ও প্রশিকা ওয়াটার ফিল্টার) উৎপাদন ও বাজারজাত করছে। এতে করে সংস্থার যেমন পরিচিতি বৃদ্ধি পাচ্ছে তেমনি আয়মূলক কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি আর্থিকভাবেও প্রশিকা লাভবান হচ্ছে। তাই এ সকল প্রোডাক্ট যদি আমরা আমাদের উন্নয়ন এলাকা ও শাখা অফিসের সকল কর্মীবৃন্দের পাশাপাশি প্রশিকার বাইরে বিক্রি করতে পারি তবে প্রশিকা অবশ্যই আর্থিকভাবে লাভবান হবে। তাই এ কাজটি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে সকলকে সহযোগিতা করতে বলা হলো।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অদূর ভবিষ্যতে প্রশিকার পক্ষ থেকে মসলাসহ আরো বেশ কয়েকটি প্রোডাক্ট উৎপাদন ও তা বাজারজাতকরণের পরিকল্পনা রয়েছে। প্রশিকা উৎপাদিত পণ্য বিক্রিয়কালে পূর্বের ন্যায় কর্মীদের জন্য প্রণোদনা প্রদান করা হবে।

অতএব, উপরোক্ত বিষয়ে সকলকে প্রশিকার নিজস্ব পণ্যসমূহ নিজেরা ব্যবহার ও অন্যদেরকে ব্যবহারে উৎসাহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

সিরাজুল ইসলাম

প্রধান নির্বাহী

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

অনুলিপি :

১. সকল উন্নয়ন এলাকা/শাখা অফিস - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
২. প্রশিকার ওয়েবসাইট।

HEAD OFFICE: PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.

Liaison Office: BPMI Bhaban, 213-214 (3rd Floor), Shah Ali Bag, Mirpur-2, Dhaka-1216.

E-mail: pmuk@proshikabd.com, proshika.muk.acfhd@gmail.com, Web: www.proshikabd.com, Cell: 01888 000 285-6